

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত প্রশিক্ষণ
কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা- ১৩ ফেব্রুয়ারি

ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১২-১৩ ফেব্রুয়ারি ২০১৯
তারিখে ২ দিন ব্যাপী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি
(এপিএএমএস) সফটওয়্যার সম্পর্কিত প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালাটি উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক
জাহান। এতে মন্ত্রিপরিষদ বিভাগ ও মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। কর্মশালায়
অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ নাজীবুল ইসলাম, যুগ্মসচিব নারায়ণ চন্দ্র
বর্মা, মোঃ ফজলুল করিম, ড. মোজাফফর আহমেদ, নাসরীন জাহান, মোঃ মোশাররফ হোসেন, মোঃ যাহিদ
হোসেন, মোঃ জাহাংগীর আলম, মোঃ শহিদুল ইসলাম প্রমুখ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫